দৈনিক ইত্তেফাক

MAR. 12 2002

তারিখ ... পৃষ্ঠা ৩ ... কলাম ... ৪

# ছাত্রলীগের সম্মেলন ৩রা এপ্রিল নেতা-কর্মীদের লবিং গ্রুপিং

সাহাবুল হক ॥ সাড়ে তিন বছর পর আগামী ৩ এপ্রিল অনুষ্ঠেয় ছাত্রলীগের ২৫তম জাতীয় সম্মেলনকে কেন্দ্র করে নেতৃত্ব লাভের প্রত্যাশায় সংগঠনের নেতাকর্মীরা জোর লবিং-গ্রুপিং শুরু করেছে। তারা এখন সাংগঠনিক কর্মকাণ্ডের চেয়ে লবিং-গ্রুপিং-এ বেশি তৎপর। সরকার বিরোধী রাজপথের আন্দোলনকে শক্তিশালী করার লক্ষ্যে জাতীয় সম্মেলনে ছাত্র লীগের নেতৃত্বে পরিবর্তন আনা হবে। অপেক্ষাকৃত বয়সে তরুণ ও সাহসী ছাত্রদের সংগঠনের নেতৃত্বে আনা হবে বলে একাধিক সূত্র নিশ্চিত করছে। ছাত্রলীগের গঠনতন্ত্রে নেতাদের 'অবিবাহিত' শর্ত শিথিল করা হয়েছে।

ছাত্রলীগ পল্টন ময়দানে সম্মেলন করার অনুমতি পেয়েছে। সম্মেলনের রংবেরং-এর পোষ্টার রবিবার বেরিয়েছে। দাওয়াতপত্র দু'একদিনের মধ্যে বিতরণ করা হবে বলে জানা গেছে। ঈদের পূর্বে সংগঠনের এক বর্ধিত সভায় দীর্ঘদিন কাউন্সিল না হওয়া ২৪টি জেলায় মার্চের ১৫ তারিখের মধ্যে কমিটি গঠনের সিদ্ধান্ত থাকলেও সংগঠনের ৯/১০ জন কেন্দ্রীয় নেতা জেলে থাকার কারণে সম্ভব হচ্ছে না। ঈদের দুই দিন পর সুধাসদন থেকে ছাত্রলীগ নেতাদের ... ছাত্রলীগ কার্যালয়ে (১৩শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

... করে।
...শ সংগঠনের
...ক, মহাসচিব ...
... দুলাল বিশ্বাস, হা...
অন্যরা বক্তব্য রাখেন। –প্রে...

সংগ্রাম, একেএম আজিম, শফিকুল ইসলাম, মেহেদী জামিল, আব্দুল আলীম, সাইফুল্লাহ সাইফুল, মিরাজ হোসেন, গিয়াস উদ্দীন পলাশ, দেলোয়ার হোসেন, সাইফুজ্জামান সাগর, রেজাউল ইসলাম প্রমুখ।

## ছাত্রলীগের সম্মেলন

(৩য় পৃঃ পর)

সংগঠনের সাবেক নেতৃবৃন্দের এক বৈঠ...
উক্ত ২৪টি জেলার বিষয়ে সিদ্ধান্ত হয় ...
নতুন কমিটি হওয়ার এক মাসের মধ্যে ...
জেলা শাখাগুলোতে কমিটি গঠন হবে। ...
মহানগর শাখা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শাখ...
কমিটি কেন্দ্রীয় কমিটির আগে না পরে হবে ...
নিয়েও উক্ত বৈঠকে আলোচনা হয়েছে। জা...
যায়, গ্রেফতারের ভয়ে ছাত্রলীগের অনে...
নেতাকর্মী রাজনৈতিক কর্মকাণ্ডে অংশ নি...
না। তবে তারা সন্ধ্যার পর দলীয় কার্যাল...
এবং রাতে আওয়ামী লীগ সিনিয়র নেতৃবৃ...
বাসা বাড়ীতে ধরনা দিচ্ছে। ছাত্রলী...
নেতৃবৃন্দের উপর পুলিশী ঝামেলা বৃদ্ধি পে...
সম্মেলন যথাসময়ে না হওয়ার ব্যাপা...
অনেকে আশংকা প্রকাশ করেছে...
নেতাকর্মীদের সাথে কথা বলে জানা য...
সম্মেলন যে-কোন কারণে পিছিয়ে গে...
সংগঠন ঝিমিয়ে পড়বে। নেতাকর্মী...
নিরুৎসাহিত হবে।

জাতীয় সম্মেলন সামনে রে...
ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক প...
যাদের নাম জোরেশোরে শোনা যাচ্ছে ত...
হলেন বলরাম পোদ্দার, কাজী এবা...
হোসেন, আনিসুর রহমান, লিয়াকত সিকদ...
আশরাফুল আজিম রুকন, রফিকুল ইস...
কতোয়াল, নজরুল ইসলাম বাবু, আ...
ওয়াদুদ খোকন, সাইফুদ্দীন নাসির, প্র...
ভূষণ বড়ুয়া ও খান মইনুল হো...
মোস্তাক। গুরুত্বপূর্ণ পদ পেতে পা...
সাইফুজ্জামান শিখর, শাহজাদা মহিউদ্দি...
খলিলুর রহমান, আনিসুর রহমান ...
মাহফুজুর রহমান, শাহ মোস্তফা আলম...
মনিরুজ্জামান মনির, মিহির কান্তি ঘো...
ওয়াহিদুর রহমান টিপু, বিপ্লব সরকার, শা...
জাহান, ইকবাল হোসেন, মনিরুজ্জা...
তরুণ, মমিন পাটওয়ারী, ফরহাদ হো...